সংগ্রাম'র সদস্য ও শুভাকাঙ্খীদের জানাই পবিত্র **ঈদ-উল-ফিতর**'র শুভেচ্ছা!

ঈদ মোবারক

চৌধুরী মুনীর হোসেন, নির্বাহী পরিচালক
সংগ্রাম


# সংগ্রাম বার্তা

একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী

১৮ তম বর্ষ | সংখ্যা ৬৪ | মে ২০২২


### শিক্ষা সহায়তা কেন্দ্রের শিক্ষার্থী, উন্নয়নে যুব সমাজ'র যুব ও প্রবীণদের উদ্যোগে

## ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান



*শ্রেষ্ঠ পিতাকে সম্মাননা প্রদান করছেন বরগুনা ২ আসনের মাননীয় সাংসদ*

শিক্ষা সহায়তা কেন্দ্রের শিক্ষার্থী, উনয়নে যুব সমাজ'র যুব ও প্রবীণদের উদ্যোগে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে পাথরঘাটায়। অনুষ্ঠানটি পিকেএসএফ'র সহযোগিতায় এবং সংগ্রাম বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির আয়োজনে অনুষ্ঠিত হয়েছে।

সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনির হোসেন'র সভাপতিত্বে মঞ্চে প্রধান অতিথি ছিলেন বরগুনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব শওকত হাসানুর রহমান রিমন। বিশেষ অতিথি ছিলেন পাথরঘাটা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোস্তফা গোলাম কবির, সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম, পাথরঘাটা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার টি.এম. শাহ্ আলম, পাথরঘাটা সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ আলমগীর হোসেন ও পাথরঘাটা প্রেসক্লাব সভাপতি চৌধূরী মোহাম্মদ ফারুক।

২৭ মার্চ, রবিবার সকাল ১০ টায় পাথরঘাটা উপজেলা পরিষদ মাঠে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, গীতা থেকে পাঠ, জাতীয় সংগীত পরিবেশন ও পতাকা উত্তোলন, শিশুদের শপথ বাক্য পাঠ ও সাদা পায়রা উড়িয়ে অনুষ্ঠানের সূচনা করেন প্রধান অতিথি। এ অনুষ্ঠানের মাধ্যমে প্রবীণ জনগোষ্ঠিন জীবনমান উন্নয়ন কর্মসূচির পাঁচজন শ্রেষ্ঠ পিতা ও পাঁচজন শ্রেষ্ঠ সন্তানকে সম্মাননার ক্রেস্ট তুলে দেন মাননীয় সাংসদ। অসচ্ছল তিনজন প্রবীণকে হুইল চেয়ার বিতরণ করেন। একজন নারী দোকানীকে সোনালী টিস্টলের জন্য পনের হাজার টাকা অনুদানের চেক প্রদান করেন।

সম্মাননা ও অনুদান পর্বের সমাপ্ত হলে ক্রীড়া সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। প্রবীণ, যুব ও শিশুদের দৌড়, লাফ, স্কিপিং, চেয়ারসিটিং, বালিশ বদল, হাড়িভাংগা, মোড়গ লড়াই, গণিত দৌড়, চিত্রাংকন, আবৃত্তি, গান, নাচ ইত্যাদি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সব শেষে বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়।

প্রসঙ্গত গত ৩১ মার্চ একই অনুষ্ঠান ডৌয়াতলার মধ্য কাকচিড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে আলাদাভাবে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডৌয়াতলা ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান। এ ক্রীড়ানুষ্ঠানে প্রায় দুইশতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে।

এই আয়োজনের মাধ্যমে করোনা পরবর্তী স্থবিড় জনজীবনে এক ধরনের চাঞ্চল্যতা ফিরে পেয়েছে সাধারণ মানুষ।



*ডৌয়াতলায় আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ*

## কেক কেটে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন

১৭ মার্চ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন। এ দিনটি 'জাতীয় শিশু দিবস' হিসেবেও পালন করা হয়। প্রতি বছরের মতো এবারও সারাদেশে শিশুদের নিয়ে নানা আয়োজনে পালন করা হয়েছে দিবসটি। সরকারি-বেসরকারি পর্যায়ে নেওয়া হয়েছে বিভিন্ন কর্মসূচি। দিনটিতে সাধারণ ছুটির পাশাপাশি এর তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন, বেতারসহ বেসরকারি বিভিন্ন টেলিভিশন চ্যানেল প্রচার করছে বিশেষ অনুষ্ঠানমালা। সংবাপত্রগুলোতে প্রকাশ হচ্ছে বিশেষ ক্রোড়পত্র ও নিবন্ধ। বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আয়োজন করা হয়েছে চিত্রাঙ্কন প্রতিযোগিতার। পাশাপাশি বিভিন্ন মসজিদে মোনাজাত, মিলাদ ও দোয়া মাহফিল এবং মন্দির, গির্জা, প্যাগোডাসহ অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনাসভা আয়োজিত হয়।

এরেই ধারাবাহিকতায় সংগ্রাম দিনটি উদযাপন করতে বঙ্গবন্ধু স্মৃতি কমপেক্সে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এছাড়াও সংগ্রাম কৈশোর কর্মসূচির আওতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও বিশ্ব শিশু দিবসে আলোচনা সভা এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন, এসইপি প্রকল্পের ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট অফিসার মোঃ মাহমুদুল হাসান বাপ্পা, কৈশোর কর্মসূচির সিনিয়র প্রোগ্রাম অফিসার মোঃ জাহাঙ্গীর আলম এবং প্রোগ্রাম অফিসার মোঃ মিজানুর রহমানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



## স্বাস্থ্য পরিদর্শকদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

সংগ্রাম সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্বাস্থ্য পরিদর্শকদের দুইদিন ব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ৯-১০ মার্চ পাথরঘাটা ইউনিয়ন পরিষদ হল রুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

এ প্রশিক্ষণের উদ্বোধন করেন- সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। এসময় উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচি'র সমন্বয়ক মোঃ মাসউদ সিকদার ও ডৌয়াতলা ইউনিয়ন সমন্বয়ক কৃষিবিদ এ এম এম জাকির হোসেন। স্বাস্থ্যকর্মী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষক হিসেবে ছিলেন পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোঃ সাইফুল হাসান এবং আরএমও ডা. আরিফ হোসেন। ৭৭২৩ টি পরিবার এ কর্মসূচির আওতায় ইতোমধ্যে সেবা গ্রহণ করেছেন। স্বাস্থ্য, পুষ্টি এবং ওয়াস কার্যক্রমের আওতায় ৯৪ টি বিষয়ের উপরে কর্মদক্ষতা বৃদ্ধিতে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়। স্বাস্থ্যকর্মীদের নানামুখী খোঁজ খবর নেন। সেই সাথে সঠিক তথ্য নিশ্চিত হয়ে মূল অভিজ্ঞতাকে কাজে লাগাতে হবে বলেও প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে উপদেশমূলক বক্তব্য প্রদান করেন প্রশিক্ষক ও প্রধান অতিথি। এ সময় তিনি স্বাস্থ্যকর্মীদের অগ্রগতি পর্যালোচনা করে দক্ষ স্বাস্থ্যকর্মীদের পুরস্কৃত করেন।



*স্বাস্থ্য পরিদর্শকদের প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন*

## স্বাধীনতা দিবস উপলক্ষ্যে সংগ্রাম'র নানা আয়োজন



*শিক্ষার্থীর হাতে শিক্ষা বৃত্তির চেক তুলে দিচ্ছেন বরগুনা ১ আসনের সংসদ সদস্য*

মহান স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে সংগ্রাম'র সকল শাখায় জাতীয় পতাকা উত্তোলন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং বরগুনায় শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে।

সংগ্রাম'র নিজস্ব তহবিল থেকে বঙ্গবন্ধু শিক্ষা বৃত্তি চালু করেছে। সংস্থাটি এ ধরণের অসংখ্য মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি ও পড়ালেখার মান সমুন্নত রাখতে শিক্ষার্থীদের প্রতিমাসে অর্থ সহায়তা প্রদান করে থাকে। এরই ধরাবাহিতকতায় মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে গত ২৬ মার্চ শনিবার বরগুনা প্রেসক্লাবের হল রুমে আয়োজিত দৈনিক স্বাধীন বাণী পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী ও অনলাইন পোর্টালের উদ্বোধনকালে অনুষ্ঠানের প্রধান অতিথি বরগুনা-১ আসনের মাননীয় সংসদ সদস্য অ্যাড. ধীরেন্দ্র দেবনাথ শম্ভু মোঃ ইসমাইল হোসেন নামের এক শিক্ষার্থীর হাতে ১৫ হাজার টাকার একটি চেক তুলে দেন।

শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন, উপ নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মাদ মঈন, পরিচালক (ক্রেডিট) মোঃ হুমায়ুন কবীর, জোনাল ম্যানেজার ফয়সাল আহম্মেদ, দৈনিক স্বাধীন বাণী পত্রিকার সম্পাদক মন্ডলীর সভাপতি হাসানুর রহমান ঝন্টু, প্রধান নির্বাহী সম্পাদক সোহেল হাফিজ, প্রেসক্লাব সভাপতি সঞ্জিব কুমার দাস, অ্যাড. মোস্তফা কাদের প্রমূখ উপস্থিত ছিলেন। তালতলী উপজেলার মোমেশে পাড়ার মোঃ নুরুল ইসলামের ছেলে ইসমাইল। ইসমাইল এবছর বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজের এমবিবিএস ২য় বর্ষের ছাত্র। তিনি এর আগে ২০১৭ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়ায় ১৫ হাজার টাকা, ২০১৯ সালে এইসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়ায় ১২ হাজার টাকা সংগ্রাম কর্তৃক পেয়েছেন। এছাড়াও তার লেখাপড়া চালাতে প্রতিমাসে ৩ হাজার টাকা দিয়ে আসছে এনজিও সংগ্রাম। শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থী ঝড়ে পড়া রোধে এমন ভিন্নধর্মী কার্যক্রমের উদ্যোগ নেয় সংগ্রাম। এর ধারাবাহিকতা অব্যাহত রেখে চলেছে সংস্থাটি। সংগ্রাম এ পর্যন্ত নিজস্ব তহবিল ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহায়তায় ৪৫১ জন মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৬৩ লক্ষ ৯১ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করেছে।

### কিশোর ও কিশোরী ক্লাবে বিভিন্ন সামগ্রী বিতরণ

সংগ্রাম'র কৈশোর কর্মসূচির আওতায় বামনা উপজেলায় কিশোর ও কিশোরী ক্লাবে বিভিন্ন স্বাস্থ্য উপকরণ, বই ও খেলাধুলার সামগ্রী বিতরণ করা হয়েছে। গত বৃহস্পতিবার (৩১ মার্চ) বিকাল ৪ টার দিকে শফিপুর কিশোর ক্লাব প্রাঙ্গনে ৪ টি কিশোর ও ৬ টি কিশোরী ক্লাবে এসব সামগ্রী বিতরণ করা হয়। মধ্য আমতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ বজলুর রহমানের সভাপতিত্বে ও সংগ্রাম'র প্রোগ্রাম অফিসার মোঃ মিজানুর রহমানের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বামনা সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অ্যাড. চৌধুরী কামরুজ্জামান (ছগির)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইউপি সদস্য মোঃ আখতারুজ্জামান (সিপার), মহিলা ইউপি সদস্য মোসাঃ কাজল রেখা, বামনা উপজেলা আওয়ামী লীগ'র ক্রীড়া বিষয়ক সম্পাদক মোঃ কবির হোসেন শেখ রাসেল জাতীয় শিশু কিশোর পরিষদ'র বামনা উপজেলা সাধারণ সম্পাদক হৃদয় দাস, সদস্য মোঃ শহিদ আকন, কালের কণ্ঠ পত্রিকার বামনা উপজেলা প্রতিনিধি মনোতোষ হালদার ও বামনা আমাদের পাঠশালা'র উপদেষ্টা রাজিব হাওলাদার। এ ক্লাবের মাধ্যমে স্বাস্থ্য, পুষ্টি ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতামূলক কাজ করবে নিজ নিজ এলাকাগুলোতে। উল্লেখ্য একই উপকরণ আরো ৩১ টি ক্লাবে বিতরণ করা হয়েছে।



*শিক্ষা উপকরণ বিতরণ করছেন অতিথিবৃন্দ*

# শুঁটকি উৎপাদনকারী উদ্যোক্তা তৈরি ও প্রসারের ব্যবস্থা গ্রহন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

"নিরাপদ শুঁটকি প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ" এ প্রতিপাদ্যকে সামনে রেখে গত বুধবার (২৩ মার্চ) পটুয়াখালী জেলার পর্যটন এলাকা কুয়াকাটায় অবস্থিত হোটেল মোহনাতে সংগ্রাম'র সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)'র অন্তর্ভূক্ত বাংলাদেশের দক্ষিণাঞ্চলে পরিবেশবান্ধব উপায়ে নিরাপদ শুঁটকি উৎপাদনকারী উদ্যোক্তা তৈরি ও প্রসারের ব্যবস্থা গ্রহণ শীর্ষক উপ-প্রকল্পের আওতায় শুঁটকি প্রক্রিয়াজাতকারীদের জন্য একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন মহিপুর ইউনিয়নের নজিবপুর শুঁটকি পল্লীর ৩০ জন শুঁটকি প্রক্রিয়াজাতকারী ক্ষুদ্র উদ্যোক্তা।



প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন বিশেষ অতিথি কলাপাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা অপু সাহা

প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম। সংগ্রাম'র পরিচালক (প্রোগ্রাম) ও এসইপি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মোঃ ইউসুফ'র সভাপতিত্বে উপস্থিত ছিলেন, সংগ্রাম'র শাখা ব্যবস্থাপক মোঃ ফারুক। এসইপি প্রকল্পের রিপোর্টিং এন্ড ডকুমেন্টেশন অফিসার সজল মিত্র প্রশিক্ষণ কর্মশালার সার্বিক ব্যবস্থাপনার দ্বায়িত্ব পালন করেন। এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী ক্ষুদ্র-উদ্যোক্তাগণ শুঁটকি প্রক্রিয়াজাতকরণ কিভাবে নিরাপদ হতে পারে এবং আধুনিক সংরক্ষণ ব্যবস্থা কেমন হতে পারে সে সম্পর্কে ধারণা লাভ করেন। শুঁটকি প্রক্রিয়াজাতকরণ কিভাবে পরিবেশের সাথে সম্পৃক্ত ও পরিবেশ দূষন রোধে শুঁটকি প্রক্রিয়াজাতকারী হিসেবে করণীয় সম্পর্কে এ প্রশিক্ষণ কর্মশালায় আলোচনা করা হয়।

প্রশিক্ষণ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কলাপাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা অপু সাহা। উনি নিরাপদ শুঁটকি প্রক্রিয়াজাতকরণের পদ্ধতি ও শুঁটকি প্রক্রিয়াজাতকারীদের নিয়ে সরকারের কি কি পরিকল্পনা রয়েছে তার বিস্তর আলোচনা করেন। একটি প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে উপজেলা মৎস্য অফিসার শুঁটকি প্রক্রিয়াজাতকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন। প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষকের দ্বায়িত্ব পালন করেন, কলাপাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা অপু সাহা, সংগ্রাম'র, এসইপি প্রকল্পের টেকনিক্যাল অফিসার রাজিব সরকার এবং পরিবেশ কর্মকর্তা মোঃ আরাফাত ইসলাম।

## এসইপি'র শুঁটকি প্রক্রিয়াজাতকরণ কর্মশালা অনুষ্ঠিত



"শুঁটকি প্রক্রিয়াজাতকরণে সৃষ্ট বর্জ্যের ব্যবস্থাপনা ও পরিবেশ সংক্রান্ত বিষয়" শীর্ষক পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার মহিপুর ইউনিয়নে শুঁটকি প্রক্রিয়াজাতকারীদের এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গত বুধবার (১৬ ফেব্রুয়ারি) এ প্রশিক্ষণ কর্মশালায় মহিপুর ইউনিয়নের ৩১ জন শুঁটকি প্রক্রিয়াজাতকারী ক্ষুদ্র উদ্যোক্তা অংশগ্রহণ করেন। সংগ্রামের সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর অন্তর্ভূক্ত বাংলাদেশের দক্ষিণাঞ্চলে পরিবেশবান্ধব উপায়ে নিরাপদ শুঁটকি উৎপাদনকারী উদ্যোক্তা তৈরি ও প্রসারের ব্যবস্থা গ্রহণ শীর্ষক উপ-প্রকল্পের আওতায় শুঁটকি প্রক্রিয়াজাতকারীদের জন্য এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় সংগ্রাম'র প্রকল্প ব্যবস্থাপক মোঃ ইউসুফ, সংগ্রাম কুয়াকাটা শাখা ব্যবস্থাপক মোঃ ফারুক, এসইপি প্রকল্পের টেকনিক্যাল কর্মকর্তা রাজিব সরকার, রিপোর্টিং এন্ড ডকুমেন্টেশন কর্মকর্তা সজল মিত্র উপস্থিত ছিলেন। এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী ক্ষুদ্র-উদ্যোক্তাগণ শুঁটকি প্রক্রিয়াজাতকরণে কি ধরনের বর্জ্যের সৃষ্টি হয়, এসব বর্জ্য পরিবেশ ও মানুষের কি ধরণের ক্ষতি করতে পারে এবং এগুলো কিভাবে বর্জ্য ব্যবস্থাপনার অন্তর্ভূক্ত করা যায় সে সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। ক্ষুদ্র-উদ্যোক্তাগণ এবং প্রশিক্ষকের মধ্যে প্রশ্নোত্তরের মাধ্যমে প্রশিক্ষণ কর্মশালাটি সফলভাবে সম্পন্ন করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষকের দ্বায়িত্ব পালন করেন, সংগ্রাম'র এসইপি প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মোঃ আরাফাত ইসলাম।

## ডৌয়াতলায় সমৃদ্ধি ইউনিয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত

সংগ্রাম, সমৃদ্ধি কর্মসূচির আওতায় সমৃদ্ধি ইউনিয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৩ ফেব্রুয়ারি) বেলা ১১ টার দিকে বামনা উপজেলার গুদিঘাটা বাজারে ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহযোগিতায় ও সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী সংগ্রাম'র বাস্তবায়নে সমৃদ্ধি ইউনিয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সমৃদ্ধি ইউনিয়ন সমন্বয় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন- সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন। ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আলহাজ্ব মিজানুর রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন- ওয়ার্ড মেম্বার নাসির ও সংরক্ষিত নারী আসনের ওয়ার্ড মেম্বার মোসাঃ নাজমা। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- ওয়ার্ড মেম্বার গোলাম হায়দার তালুকদার ও রাজাসহ অন্যান্য ওয়ার্ড মেম্বার ও সমৃদ্ধি ইউনিয়ন কমিটির সদস্যরা। সমৃদ্ধি প্রকল্পের সমন্বয়ক মোঃ মাসউদ সিকদার সমৃদ্ধি প্রকল্পের ২০১৪ সালে সূচনা হয়ে এ পযন্ত চলমান কার্যক্রমের বিস্তর বর্ণনা করেন। এ প্রকল্পের আওতায় স্বাস্থ্য, শিক্ষা ও কৃষি বিষয়ক কার্যক্রম সম্পর্কে ধারণা দেন। এসময় সমৃদ্ধি প্রকল্পের ডৌয়াতলা ইউনিয়ন সমন্বয়ক কৃষিবিদ এ এম এম জাকির হোসেন উপস্থিত ছিলেন। সংগ্রাম প্রবীন জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় মোট পাঁচ জনকে মৃত্যু সৎকারের অনুদান হিসেবে ২ হাজার টাকা করে প্রদান করা হয়। ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আলহাজ্ব মিজানুর রহমান ডৌয়াতলার বৃদ্ধদের জন্য একটি ব্যায়ামাগার তৈরি করতে সংগ্রামের প্রতি বিশেষ আহ্বান জানান। সেইসাথে সংগ্রামের পাশে থেকে সকল উন্নয়নমূলক কর্মকান্ডের সাথে সহযোগিতা করবেন বলেও তিনি প্রতিশ্রুতি দেন।



সভা শেষে মৃত সৎকারের অনুদান প্রদান করছেন ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান

# সংগ্রাম প্রধান কার্যালয়ে ইফতার অনুষ্ঠান



পবিত্র রমজান মাস মানুষকে সকল রকম গর্হিত ও অনৈতিক কার্যকলাপ থেকে বিরত রাখে এবং সকলকে সাধ্যমত ইবাদাত বন্দেগি করার জন্য উৎসাহিত করে। প্রকৃতপক্ষে রমজান হলো পূর্বের সকল গুনাহর জন্য ক্ষমা চেয়ে সাচ্চা মুসলমান হয়ে জীবনযাপনের প্রতিজ্ঞা করার মাস। এ মাসের সময়গুলো খুব বেশি ইবাদত বন্দেগিতে মুসলমান মসগুল থাকেন। ইসলামের পাঁচটি স্তম্ভ রয়েছে। সেগুলোর মধ্যে রমজান মাসের রোজা অন্যতম ও অত্যন্ত গুরুত্বপূর্ণ। দ্বিতীয় হিজরিতে কোরআনের আয়াতের মাধ্যমে আল্লাহ তায়ালা উম্মতের উপর রোজা ফরজ করেছেন। আর রোজাদার ব্যক্তিদের সাধ্যমত ইফতার সামগ্রী দিয়ে সহযোগিতা করার মধ্যেও রয়েছে মহান আল্লাহ তায়ালার প্রচুর নিয়ামত। তাই প্রতি বছরের ন্যায় এ বছরও ব্যাপক পরিসরে ইফতার অনুষ্ঠানের আয়োজন করেছে সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী সংগ্রাম।

গত রবিবার (১৭ এপ্রিল) সংগ্রাম প্রধান কার্যালয়ে বিচার বিভাগ, পুলিশ প্রশাসন, সমাজ সেবা, ব্যাংক স্টাফ সহ সরকারি-বেসরকারি, এনজিও প্রতিষ্ঠানের কর্মকর্তা ও স্থানীয়দের উপস্থিতিতে প্রায় চারশ মানুষ এ ইফতার অনুষ্ঠানে অংশগ্রহন করেন।

উল্লেখ্য, গত সোমবার (১১ এপ্রিল) সংগ্রাম পাথরঘাটা শাখার আয়োজনে পাথরঘাটায় এক ইফতারানুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে অতিথিদ্বয়ের মধ্যে উপস্থিত ছিলেন, পাথরঘাটা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোস্তফা গোলাম কবির, পৌর মেয়র আনোয়ার হোসেন আকন, সংগ্রাম'র প্রতিষ্ঠাতা ও উপদেষ্টা চৌধূরী মোহাম্মাদ মাসুম, নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন প্রমূখ।

# সংগ্রাম'র অর্থায়নে সাবলম্বী আলু ও তরমুজ চাষীরা

## পাথরঘাটায় আলুর বাম্পার ফলন, কৃষকের মুখে হাসি

বরগুনার পাথরঘাটার কাকচিড়া ইউনিয়নে এ বছর আলুর বাম্পার ফলন হয়েছে। ফলে উৎপাদন খরচ পুষিয়ে মোটামুটি লাভের মুখ দেখছেন আলুচাষীরা। তবে বাজার দর কিছুটা কম হলেও ভালো ফলন পেয়ে খুশি তারা। সরেজমিনে গিয়ে দেখা গেছে, ক্ষেত থেকে আলু তোলা নিয়ে ব্যস্ত সময় পার করছেন আলু চাষীরা। কেউ আবার বিক্রির জন্য প্রস্তুতি নিচ্ছেন। কৃষকরা জানান, ঘূর্ণিঝড় জাওয়াদের প্রভাবে সৃষ্ট প্রাকৃতিক দূর্যোগে আলু আবাদে শুরুতে ফলন নিয়ে চিন্তিত ছিলেন আলু চাষিরা। তবে সেই দুর্যোগ কাটিয়ে ঘুরে দাঁড়িয়েছেন কৃষকরা। আবহাওয়া অনুকূলে থাকায় ফলন ভালো হয়েছে। এতে বেশ খুশি চাষিরা। সন্তোষজনক ফলন পাওয়ায় কৃষকদের আলু চাষে আগ্রহও অনেক বেড়ে গেছে। কৃষকদের উৎপাদিত আলু স্থানীয় চাহিদা মিটিয়ে চলে যায় বিভিন্ন জেলায়। এতে আলু চাষ করে অনেকেই স্বাবলম্বী হয়ে উঠছেন। তবে অর্থের যোগান দিতে বেগ পেতে হয়নি এ চাষিদের। স্বনামধন্য এনজিও সংগ্রাম'র অর্থায়নে আলু চাষীরা চাহিদানুযায়ী আলু চাষ করতে পেরেছে বলেও জানিয়েছেন। এনজিও সংগ্রাম এ বছর ৩ কোটি টাকা আলু চাষীদের ঋণ প্রদান করেছেন বলে নিশ্চিৎ করেছেন সংগ্রাম'র পরিচালক (ক্রেডিট) মোঃ হুমায়ুন কবীর। পাথরঘাটা কৃষি কর্মকর্তা শিশির কুমার বড়াল মুঠোফোনে বলেন, পাথরঘাটায় এ বছর মোট ৫৬০ হেক্টর জমিতে আলু চাষ হয়েছে। ফলনও মোটামুটি ভালো। তবে কৃষকরা আরও একটু ভালো দাম পেলে ভালো হত। চাষীদের মাঠ পর্যায়ে কোন সহায়তা প্রদান করা হয়নি, আলু চাষীদের এমন অভিযোগ অস্বীকার করে বলেন, আমরা আলু চাষীদের সর্বাত্তক সহযোগিতা করার চেষ্টা করেছি।

## চাষে কালক্ষেপন করেও ফলন ভালো তরমুজের

বরগুনার আমতলীতে এ বছর তরমুজ চাষে কৃষকের মুখে হাসি ফুটেছে। তবে দেরি করে তরমুজ চাষে কিছুটা ফলন কম হলেও উৎপাদিত তরমুজ ভালো হয়েছে। উৎপাদিত তরমুজ ইতোমধ্যে বাজারে বিক্রি শুরু হয়েছে। প্রতিটি তরমুজ পিচ হিসেবে বিক্রি হচ্ছে। সরেজমিনে গিয়ে দেখা গেছে, ক্ষেত থেকে তরমুজ তুলতে ব্যস্ত সময় পার করছেন তরমুজ চাষীরা। কেউ আবার বিক্রির জন্য নিজ জেলা ও বাইরের জেলাতে পাঠানোর কাজে ব্যস্ত। কৃষকরা জানান, দেরি করে তরমুজ বিচি লাগানোর কারনে কিছুটা ফলন কম হয়েছে। তবে উৎপাদন ভালো হয়েছে। কৃষকদের উৎপাদিত তরমুজ স্থানীয় চাহিদা মিটিয়ে চলে যায় বিভিন্ন জেলায়। এতে তরমুজ চাষ করে অনেকেই স্বাবলম্বী হয়ে উঠছেন। তবে অর্থের যোগান দিতে বেগ পেতে হয়নি এ চাষিদের। স্বনামধন্য এনজিও সংগ্রাম'র অর্থায়নে তরমুজ চাষীরা চাহিদানুযায়ী তরমুজ চাষ করতে পেরেছে বলেও জানিয়েছেন এসব তরমুজ চাষীরা। এনজিও সংগ্রাম এ বছর ৪ কোটি টাকা তরমুজ চাষীদের ঋণ প্রদান করেছেন বলে নিশ্চিৎ করেছেন সংগ্রাম'র পরিচালক (ক্রেডিট) মোঃ হুমায়ুন কবীর। আমতলী কৃষি কর্মকর্তা সি এম রেজাউল করিম মুঠোফোনে বলেন, এবছর আমতলীতে ৩ হাজার ৫শ' হেক্টর জমিতে তরমুজ চাষ হয়েছে। তবে তরমুজ চাষের মূখ্য সময় ডিসেম্বর থেকে জানুয়ারির প্রথম সপ্তাহ। কিন্তু তরমুজ চাষীরা সময়মতো চাষ না করতে পারায় উৎপাদন গত বছরের তুলনায় কম হয়েছে। পার হেক্টর জমিতে ৩৫-৪০ টন তরমুজ উৎপাদন হয়েছে। আমরা কৃষি বিভাগের তরফ থেকে কৃষকদের সহযোগিতা করার চেষ্টা করেছি।



**পৃষ্ঠপোষক ঃ** চৌধূরী মুনীর হোসেন, **নির্বাহী সম্পাদক ঃ** চৌধূরী মোহাম্মাদ মঈন, **সম্পাদক ঃ** মো. মাসউদ সিকদার, **গ্রাফিক্স ঃ** মো. আরিফ মিয়া
ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন ঃ +৮৮ ০৪৪৮ ৬২৮২৮
E-mail: sangramngo@yahoo.com, Facebook: facebook.com/ngosangram, youtube.com/SangramNgo, Website: www.sangram.ngo